# ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে ৫ জনের মৃত্যু, হাসপাতালে ভর্তি ৬৬৮ জন




সংগৃহীত ছবি

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে ৫ জনের মৃত্যু হয়েছে এবং ৬৬৮ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি বছর ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ১৮৭ জনের মৃত্যু এবং ৪৩,৮৪১ জনের ভর্তি হয়েছে।

বুধবার (২৪ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো প্রতিবেদনে জানা গেছে, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে মারা গেছেন ৫ জন, যাদের মধ্যে তিনজন নারী এবং দুইজন পুরুষ।

প্রতিবেদনে বলা হয়েছে, মঙ্গলবার সকাল ৮টা থেকে বুধবার সকাল ৮টা পর্যন্ত ঢাকা মহানগরের হাসপাতালে ১৬৭ জন, বরিশাল বিভাগে ১৫৮ জন, ঢাকা বিভাগে ১২৬ জন, চট্টগ্রাম বিভাগে ১০৬ জন, খুলনা বিভাগে ৪১ জন, রাজশাহী বিভাগে ৩৫ জন, ময়মনসিংহ বিভাগে ৩০ জন এবং রংপুর বিভাগে ৫ জন রোগী ভর্তি হয়েছেন।

চলতি বছরে এডিস মশাবাহিত রোগ ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ১৮৭ জনের মৃত্যু হয়েছে। এ বছরের হিসাব অনুযায়ী, এ পর্যন্ত ৪৩,৮৪১ জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

LENS ASIA